গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১১০.২৭.০৬২.১৬ (অংশ ১). ২২৪ তারিখ: ১৮ কার্তিক ১৪২৬/৬ নভেম্বর ২০১৯

বিষয় : দপ্তর/সংস্থা পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০১৯) ফিডব্যাক সভার কার্যবিবরণ।

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | মোঃ খায়রুল আলম<br>যুগ্মসচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ২৯ অক্টোবর ২০১৯, সকাল ১১:০০ ঘটিকা। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

২। সভাপতি দপ্তর/সংস্থার 'নৈতিকতা কমিটি'র ফোকাল পয়েন্টগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি দপ্তর/সংস্থার ২০১৯-২০২০ অর্থবছরের নির্ধারিত ছক অনুযায়ী প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে পালনের উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মসূচী মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নিয়মিত পর্যবেক্ষণ করা হয়। এ কর্মসূচী বাস্তবায়নে অবহেলার কোন সুযোগ নেই। অতঃপর প্রত্যেক দপ্তর/সংস্থার প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০১৯) কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য উপসচিব ডি-১০ অধিশাখাকে অনুরোধ করেন। উপসচিব, ডি-১০ অধিশাখা সভাপতির অনুমতিক্রমে সভার বিষয় উপস্থাপন করেন।

৩। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর/২০১৯) বাস্তবায়ন অগ্রগতি পৃথকভাবে সভায় উপস্থাপন করা হয়। প্রতিবেদন উপস্থাপন কালে দেখা যায় অনেক দপ্তর/সংস্থার কার্যক্রম সন্তোসজনক আবার দু/একটি দপ্তর/সংস্থার কার্যক্রম সন্তোষজনক নয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করে কর্মপরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবয়নের দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান করা হয়। যে সমস্ত দপ্তর/সংস্থার ১ম প্রান্তিকের অগ্রগতির প্রতিবেদন যথাযথভাবে সম্পন্ন হয় নাই, তাদেরকে প্রতিবেদন সংশোধন করে আগামী ০৭ দিনের মধ্যে হার্ড কপি জমা দেওয়ার জন্য অভিমত জানানো হয়।

৪। সভাকে অবহিত করা হয় যে, গোয়েন্দা মহাপরিদপ্তর ও আন্তঃবাহিনী নির্বাচন পর্যদের প্রতিনিধি সভায় উপস্থিত ছিলেন না এবং অনুপস্থিতির বিষয়টি পূর্বে অবহিত করা হয়নি।

৫। বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

৫.১ ক) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ক্ষেত্রে স্ব স্ব কর্মপরিকল্পনা অনুযায়ী সবাইকে আরো আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করতে হবে;

খ) যে সকল দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের প্রণয়নকৃত কর্মপরিকল্পনায় সমস্যা চিহ্নিত করা হয়েছে তা সংশোধনপূর্বক স্ব স্ব 'নৈতিকতা কমিটি'র অনুমোদনক্রমে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ৭দিনের মধ্যে মন্ত্রণালয়ের বাজেট অধিশাখায় প্রেরণ করতে হবে।

৬. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল আলম)
যুগ্মসচিব
এবং
ফোকাল পয়েন্ট
নৈতিকতা কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) সচিব,সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: খন্দকার সাদিয়া আরফিন সিনিয়র সহকারী সচিব)
(২) সেনাসদর, জি এস শাখা, এস ডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৩) পরিচালক, পরিকল্পনা পরিদপ্তর, নৌসদর, বনানী, ঢাকা।
(৪) বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৫) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(৬) কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা
(৭) সভাপতি ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, এ জি'র শাখা (সমন্বয়) সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৮) মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিসেস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৯) কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড এন্ড ষ্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
(১০) কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস
(১১) মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুর বিমান বন্দর সড়ক, ঢাকা
(১২) চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা
(১৩) কমান্ড্যান্ট, এম আই এস টি, মিরপুর সেনানিবাস, ঢাকা
(১৪) কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা
(১৫) মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(১৬) মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, উত্তরা, ঢাকা।
(১৭) সার্ভেয়ার জেনারেল, সার্ভে অব বাংলাদেশ, তেজগাঁও, ঢাকা
(১৮) সিজিডিএফ, সিজিডিএফ এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা
(১৯) পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২০) পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
(২১) মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২২) প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২৩) পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়
(২৪) অধিনায়ক, এম ও ডি সি, রাজেন্দ্রপুর সেনানিবাস গাজীপুর
(২৫) পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২৬) পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।